

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাঘারপাড়া, যশোর
উপজেলা নির্বাহী অফিসারের দপ্তর



<http://www.bagherpara.jessore.gov.bd>

নম্বর ০৫.৪৪.৪১০৯.০০০.২০.০০১.২২.১৮৫

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৯

০৭ মার্চ ২০২৩

নোটিশ

বিষয়: উপজেলা পরিষদের মার্চ-২০২৩ মাসের মাসিক সাধারণ সভা নোটিশ প্রেরণ।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাঘারপাড়া উপজেলা পরিষদের মার্চ '২০২৩ মাসের মাসিক সাধারণ সভা জনাব ভিক্টোরিয়া পারভীন সাথী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোরের সভাপতিত্বে আগামী ০৯ মার্চ '২০২৩ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার বেলা ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষে অনুষ্ঠিত হবে।

সংশ্লিষ্ট সকলকে সভার ০২(দুই) কার্যদিবস পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রদান ও সফটকপি নিকস ফন্টে cobagherpara@gmail.com প্রেরণ নিশ্চিত করণ এবং নির্ধারিত তারিখ ও সময়ে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচীঃ

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. বিগত সভার গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনা।
৩. বিভিন্ন বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনা।
৪. ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প সম্পর্কিত পর্যালোচনা।
৫. আর্থিক বিভিন্ন বিষয়াদি সম্পর্কিত আলোচনা।
৬. মাননীয় উপদেষ্টা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের সুপারিশসমূহ।
৭. সমন্বয় (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)।
৮. বিবিধ।

৭-৩-২০২৩

সৈয়দ জাকির হাসান

উপজেলা নির্বাহী অফিসার

ফোন: ০২৪৭৭৭১৯১৬

ইমেইল:

unobagherpara@mopa.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জনাব রনজিত কুমার রায়, মাননীয় সংসদ সদস্য, ৮৮, যশোর-৪
- ২) পরিচালক, স্থানীয় সরকার, খুলনা
- ৩) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর
- ৪) ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর
- ৫) মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর
- ৬) মেয়র, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর
- ৭) উপজেলা.....কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
- ৮) চেয়ারম্যান, জহরপুর/বন্দবিলা/রায়পুর/নারিকেলবাড়িয়া/খলগ্রাম/দোহাকুলা/দরাজহাট/বাসুয়াড়ী/জামদিয়া ইউপি, বাঘারপাড়া, যশোর
- ৯) উপজেলা পরিষদ সংরক্ষিত সদস্য(সকল), বাঘারপাড়া, যশোর।

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২২-১৮৫

তারিখঃ ০৭ মার্চ '২০২৩খ্রিঃ।



ক্র: নং	পদবী	প্রাপ্তি স্বীকার
১	উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা	 ৭/৩/২৬
২	উপজেলা কৃষি কর্মকর্তা	 ০৭/০৬/২০২৬
৩	উপজেলা প্রকৌশলী	 ০৭/০৬/২৬
৪	উপজেলা মৎস্য কর্মকর্তা	 ০৭/০৬/২৬
৫	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা	 ৭/৩/২৬
৬	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	 ০৭/০৬/২০২৬
৭	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা	 ০৭/০৬/২৬
৮	উপজেলা সমবায় কর্মকর্তা	 ০৭/০৬/২৬
৯	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	 ০৭/০৬/২৬
১০	উপজেলা সমাজসেবা কর্মকর্তা	 ৭/০৬/২০২৬
১১	উপজেলা প: প: কর্মকর্তা	 ৭/৬/২৬
১২	উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা	 ০৭/০৬/২৬
১৩	উপজেলা শিক্ষা কর্মকর্তা	 ০৭/০৬/২৬
১৪	ফরেস্টার, সামাজিক বনায়ন	 ০৭/০৬/২৬
১৫	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা	 ৭/৩/২৬
১৬	উপ-সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য)	 ৭/৩/২৬

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২২-১৮৫

তারিখঃ ০৭ মার্চ '২০২৩খ্রিঃ।

ক্র: নং	পদবী	প্রাপ্তি স্বীকার
১.	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ	 ০৭/০৩/২৩
২.	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ	
৩.	চেয়ারম্যান, জহরপুর ইউপি	 ০৪.০৩.২৩
৪.	চেয়ারম্যান, বন্দবিলা ইউপি	
৫.	চেয়ারম্যান, রায়পুর ইউপি	
৬.	চেয়ারম্যান, নারিকেলবাড়ীয়া ইউপি	 ০৭/০৩/২৩
৭.	চেয়ারম্যান, ধলগ্রাম ইউপি	
৮.	চেয়ারম্যান, দোহাকুলা ইউপি	
৯.	চেয়ারম্যান, দরাজহাট ইউপি	
১০.	চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউপি	
১১.	চেয়ারম্যান, জামদিয়া ইউপি	

উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর

তারিখঃ ০৭ মার্চ '২০২০খ্রিঃ।

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২২-১৮৫

ক্র: নং	পদবী	প্রাপ্তি স্বীকার
১.	মেয়র, বাঘারপাড়া পৌরসভা	 ৭/৩/২০

ସାବିତ୍ରୀ ମାଝି ଉପାଦେୟା ନାମିକ (ମୃତ ସାଥୀ/୨୦୧୬ ସାମ୍ବନ୍ଧୀୟ
କାର୍ଯ୍ୟକ୍ରମ ଆବେଦନ କରାଯାଇଛି)

ଆବେଦନା : ଉପାଦେୟା ନାମିକ ନାମାବଳୀର ସାଥୀ
ହୋଇଥିବା, ଉପାଦେୟା ନାମିକ, ସାବିତ୍ରୀ ମାଝି

ସ୍ଥାନ : ଉପାଦେୟା ନାମିକ ସାବିତ୍ରୀ

ତାରିଖ : ୦୩/୦୭/୨୦୧୬ ମି: (୧୯-୦୭-୨୦୧୬) ଦିନ, ସାବିତ୍ରୀ ମାଝି

ସାବିତ୍ରୀ ମାଝି ଉପାଦେୟା ନାମିକ ନାମାବଳୀର ସାଥୀ :

ସାବିତ୍ରୀ ମାଝି : ଉପାଦେୟା ନାମିକ, ଉପାଦେୟା ନାମିକ →

ସାବିତ୍ରୀ ମାଝି : ଉପାଦେୟା ନାମିକ, ଉପାଦେୟା ନାମିକ →

ତାରିଖ : ୦୩/୦୭/୨୦୧୬ ମି: (୧୯-୦୭-୨୦୧୬) ଦିନ, ସାବିତ୍ରୀ ମାଝି

ସାବିତ୍ରୀ ମାଝି, ଉପାଦେୟା ନାମିକ ଉପାଦେୟା ନାମିକ →

ସାବିତ୍ରୀ ମାଝି : ଉପାଦେୟା ନାମିକ, ଉପାଦେୟା ନାମିକ →

ସାବିତ୍ରୀ ମାଝି : ଉପାଦେୟା ନାମିକ, ଉପାଦେୟା ନାମିକ →

ସାବିତ୍ରୀ ମାଝି : ଉପାଦେୟା ନାମିକ, ଉପାଦେୟା ନାମିକ →

ସାବିତ୍ରୀ ମାଝି : ଉପାଦେୟା ନାମିକ, ଉପାଦେୟା ନାମିକ →








ସାବିତ୍ରୀ ମାଝି : ଉପାଦେୟା ନାମିକ, ଉପାଦେୟା ନାମିକ →

ସାବିତ୍ରୀ ମାଝି : ଉପାଦେୟା ନାମିକ, ଉପାଦେୟା ନାମିକ →

ସାବିତ୍ରୀ ମାଝି : ଉପାଦେୟା ନାମିକ, ଉପାଦେୟା ନାମିକ →

ସାବିତ୍ରୀ ମାଝି : ଉପାଦେୟା ନାମିକ, ଉପାଦେୟା ନାମିକ →

স্বাস্থ্য-সুরক্ষিত বিজ্ঞানীয় প্রকল্পসমূহ (২০২০) (নিম্নলিখিত ক্রমানুসারে)

- ১। প্রো: রুহন জামিন UAO 
- ২। সাদিক গলা UFO 
- ৩। প্রো: জোহাঙ্গুল হোসেন UFO 
- ৪। প্রো: আব্দুল করিম DGM, PBS 
- ৫। প্রো: মোঃ মাহমুদ হোসেন USSO 
- ৬। প্রো: আবু হানিফ SAE, DPHE 
- ৭। প্রো: জাহাঙ্গীর কবীর জামাউল্লাহ মিডিয়া ব্যাংক পাবনা জেলা 
- ৮। প্রো: মোস্তাফিজুর রহমান UCO 
- ৯। প্রো: ইমদাদুল ইসলাম; FA/AIE ULO 
- ১০। প্রো: আবুজাওর সিদ্দীক; উপজেলা স্বাস্থ্যসহায়ক কর্মকর্তা, গাজাপাড়া; পদে, Imroved Island 
- ১১। প্রো: অফিসে আবুজাওর সিদ্দীক (21/04/2020) (প্রকল্পের) কর্মকর্তা/সহকারী কর্মকর্তা 
- ১২। প্রো: হোসেন হোসেন হোসেন, উপ: সার্ব: সিস্টেম সিস্টেম 
- ১৩। প্রো: সাদিক গলা, উপজেলা স্বাস্থ্যসহায়ক কর্মকর্তা (কি.) 
- ১৪। প্রো: সাদিক গলা উপজেলা স্বাস্থ্যসহায়ক কর্মকর্তা LGE 
- ১৫। প্রো: সাদিক গলা উপজেলা স্বাস্থ্যসহায়ক কর্মকর্তা (BAC) SAE 

বাঘারপাড়া উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি

: ভিক্টোরিয়া পারভীন সাথী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর।

স্থান

: উপজেলা পরিষদ মিলনায়তন, বাঘারপাড়া, যশোর

তারিখ ও সময়

: ০৯ মার্চ ২০২৩ রবিবার, বেলা-১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যদের তালিকা :

- ০১) জনাব মোঃ আব্দুর রউফ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
- ০২) জনাব বিশ্বীকা বিশ্বাস, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
- ০৩) জনাব মোঃ কামরুজ্জামান, মেয়র, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর।
- ০৪) জনাব মোঃ আসাদুজ্জামান, চেয়ারম্যান, জহরপুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৫) জনাব মোঃ সবদুল হোসেন খান, চেয়ারম্যান, বন্দবিলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৬) জনাব মোঃ মুনজুর রশীদ (স্বপন), চেয়ারম্যান, রায়পুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৭) জনাব বাবলু কুমার সাহা, চেয়ারম্যান, নারিকেলবাড়িয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৮) জনাব মোঃ রবিউল ইসলাম, চেয়ারম্যান, ধলগ্রাম ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৯) জনাব মোঃ ওয়াহিদুর রহমান আবু মোতালেব, চেয়ারম্যান, দোহাকুলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ১০) জনাব মোঃ জাকির হোসেন, চেয়ারম্যান, দরাজহাট ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ১১) জনাব মোঃ আমিনুর সরদার, চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ১২) জনাব শেখ আরিফুল ইসলাম তিক্ত, চেয়ারম্যান, জামদিয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত সদস্যদের তালিকা :

উপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ)- (জৈষ্ঠতার ক্রমানুসারে নহে, উপস্থিতির ক্রমানুসারে) :

- ০১) জনাব মোঃ রুহুল আমিন, উপজেলা কৃষি কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০২) জনাব পলাশ বাল্লা, উপজেলা মৎস্য কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৩) জনাব মোঃ তোফাজ্জেল হোসেন, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৪) শেখ আব্দুর রহমান, ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, জোনাল অফিস, বাঘারপাড়া, যশোর।
- ০৫) জনাব এ.টি.এম মাসুদ হোসেন, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৬) জনাব আবু হানিফ, উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), বাঘারপাড়া, যশোর।
- ০৭) মোঃ শাহীন কবির, ফরেস্টার, বন বিভাগ, বাঘারপাড়া, যশোর।
- ০৮) জনাব মোহাঃ মোস্তাফিজুর রহমান, উপজেলা সমবায় কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৯) জনাব ডাঃ মোঃ আবুজার সিদ্দীকী(অঃ দাঃ), উপজেলা প্রাণি-সম্পদ কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ১০) জনাব অজিত কুমার বিশ্বাস, উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ১১) জনাব মোঃ তৈমুর হোসেন, প্রশিক্ষক, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, বাঘারপাড়া, যশোর।
- ১২) জনাব মোঃ আকরাম হোসেন খান, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ১৩) জনাব রোজিনা পারভীন, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ১৪) জনাব মোঃ আবু সুফিয়ান, উপজেলা প্রকৌশলী, বাঘারপাড়া, যশোর।
- ১৫) জনাব মোঃ মামুন অর রশিদ, উপসহকারী প্রকৌশলী(বিএডিসি), বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ):

- ০১) জনাব ডাঃ অরুণ জ্যোতি ঘোষ, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০২) জনাব মোঃ মহিউদ্দীন আহমেদ, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৩) জনাব ফিরোজ আহমেদ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা(অঃ দাঃ), বাঘারপাড়া, যশোর।

সবাইকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সভার নিয়মিত কার্যক্রম শুরু করেন। সভায় আলোচ্য বিষয় ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

ক্র: নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১.	পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদনঃ সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী পাওয়া যায়নি।	সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়	উপজেলা নির্বাহী অফিসার।
০২.	পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনাঃ পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের আলোকে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।	সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে তদারকি ব্যবস্থা জোরদার করার সিদ্ধান্ত হয়।	১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার
০৩.	বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনাঃ (ধারা ২৯ মোতাবেক গঠিত স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা ও অনুমোদন এবং উক্তরূপ সুপারিশের আলোকে বিভিন্ন কমিটি গঠন ও উহার টার্মস অব রেফারেন্স অনুমোদন) উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটির কোন সভার কার্যবিবরণী অত্র সভায় উপস্থাপিত হয়নি।	স্থায়ী কমিটিসমূহের সভার নিয়মিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহবান জনানো হয়।	১। সভাপতি/সদস্য সচিব, স্থায়ী কমিটি(সকল), উপজেলা পরিষদ,
০৪	৪. উন্নয়নমূলক (উপজেলা পরিষদে হস্তান্তরিত বিভাগসমূহের প্রস্তাব/প্রকল্প ও প্রাক্কলন অনুমোদন কার্যক্রম পর্যালোচনা ও পরিষদ কর্তৃক বাস্তবায়নকৃত বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম পর্যালোচনা):- (ক) (১) সেচ অনুমোদন সংক্রান্তঃ উপজেলা সেচ কমিটির গত ০২-০৩-২০২৩ খ্রিঃ তারিখের সভায় অনুমোদন যোগ্য অগভীর ও গভীর নলকূপের স্কিমের তালিকা এবং নবায়ন যোগ্য অগভীর ও গভীর নলকূপের স্কিমের তালিকাসহ অযোগ্য বিভিন্ন তালিকা পরিশিষ্ট-ক আকারে সভায় উপস্থাপিত হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা সেচ কমিটি কর্তৃক সুপারিশকৃত অনুমোদনযোগ্য অগভীর নলকূপ-১১টি, অনুমোদন অযোগ্য অগভীর নলকূপ-৫৭টি ও অনুমোদন যোগ্য-০০টি, অনুমোদন অযোগ্য গভীর নলকূপ-০৭টি স্কিমের তালিকাসমূহ অনুমোদন দেওয়ার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। ক(২) খরচ সংক্রান্তঃ এছাড়া আবেদন ফরম ও লাইসেন্স ফরম বাবদ এবং আবেদন তদন্তের উদ্দেশ্যে তদন্তকারীর যাতায়াত খরচের হিসাব বর্ণনা করে উপজেলা সেচ কমিটির কার্যবিবরণীর সিদ্ধান্ত-০৪ সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়। (খ) যেহেতু দেশের বর্তমান পরিস্থিতি কৃষি চাষাবাদ যেন সুষ্ঠুভাবে চলমান থাকতে পারে সেলক্ষ্যে সকলকে কাজ করতে হবে। সেপ্রেক্ষিতে যারা সেচপাম্প চালনা করছে তাদের সেচ লাইসেন্সের ত্রুটি জনিত কোন কারনে যদি সেচের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করার ক্ষেত্রে উপজেলা সেচ কমিটি বা উপজেলা পরিষদের মতামত গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। অন্যথায় সেচ কার্যক্রম বিঘ্নিত হয়ে চাষাবাদ বিনষ্ট হওয়ার সম্ভাবনা দেখা দিতে পারে।	(ক) (১) উপজেলা সেচ কমিটি কর্তৃক সুপারিশকৃত অনুমোদনযোগ্য অগভীর ও গভীর নলকূপের স্কিমের তালিকা এবং নবায়ন যোগ্য অগভীর ও গভীর নলকূপের স্কিমের তালিকাসমূহ অনুমোদন দেওয়া হয়। ক(২) বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) সেচের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করার ক্ষেত্রে উপজেলা সেচ কমিটি বা উপজেলা পরিষদের মতামত গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়।	(ক) ১। উপজেলা নির্বাহী অফিসার ২। উপসহকারী প্রকৌশলী, বিএডিসি সেচ ক(২) উপজেলা নির্বাহী অফিসার (খ) ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, বাঘারপাড়া জোনাল অফিস
০৫.	আর্থিকঃ (উপজেলা পরিষদের আয়-ব্যয় সংশ্লিষ্ট প্রস্তাব) (ক) আসবাপত্র সংগ্রহ/মেরামতঃ উপজেলা পরিষদের নবনির্মিত কমপ্লেক্স ভবনে অফিস শুরু করার লক্ষ্যে বিভিন্ন আসবাপত্র ক্রয় এবং পুরাতন কিছু আসবাপত্র মেরামত করা প্রয়োজন মর্মে সভায় উপস্থাপিত হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল এর আসবাপত্র সংগ্রহ/মেরামত খাত হতে রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা অনুসরণ করে কোটেশনের মাধ্যমে নতুন আসবাপত্র সংগ্রহ এবং পুরাতন আসবাপত্র মেরামত করার জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়।	(ক) উপজেলা পরিষদের রাজস্ব তহবিল এর আসবাপত্র সংগ্রহ/মেরামত খাত হতে কোটেশনের মাধ্যমে নতুন আসবাপত্র সংগ্রহ এবং পুরাতন আসবাপত্র মেরামত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(ক) ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার ৩। উপজেলা প্রকৌশলী

	(খ) অফিস সরঞ্জাম ক্রয়ঃ উপজেলা পরিষদের নবনির্মিত কমপ্লেক্স ভবনে ডেস্ক আকারে অফিস সেটআপ করার লক্ষ্যে টিএন্ডওই ডুক্ট কিছু যন্ত্রপাতি ক্রয় করা প্রয়োজন মর্মে সভায় উপস্থাপিত হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল এর অফিস সরঞ্জাম ক্রয় খাত হতে রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা অনুসরণ করে কোটেশনের মাধ্যমে টিএন্ডওই ডুক্ট কিছু যন্ত্রপাতি ক্রয় করার জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়।	(খ) উপজেলা পরিষদের রাজস্ব তহবিল এর অফিস সরঞ্জাম ক্রয় খাত হতে কোটেশনের মাধ্যমে টিএন্ডওই ডুক্ট কিছু যন্ত্রপাতি ক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(খ) ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার ৩। উপজেলা প্রকৌশলী
০৬.	অপারেশনাল (মাননীয় সংসদ সদস্য (উপদেষ্টা), উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদের আলোচনা ও সুপারিশ পর্যালোচনা এবং ন্যাকবৃত্ত/শ্রেণে নিয়োজিত কর্মকর্তা - কর্মচারীসহ পরিষদের সকল কর্মচারী সংক্রান্ত বিষয়াদিঃ) কোন আলোচনা নাই		
০৭.	সমন্বয়ঃ (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)		
ক. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর:	উপজেলা প্রকৌশলীর পক্ষে সভায় জানান যে, দাপ্তরিক সকল কর্মকান্ড সুষ্ঠুভাবে চলমান আছে। তিনি আরো জানান যে, এডিপি এর পিআইসি কাজ সম্পন্ন হয়েছে, বিল ছাড়করণ চলমান আছে। এছাড়া টেন্ডারের কাজ শুরু হয়েছে সম্পন্ন হলেই বিল ছাড়করণ শুরু হবে। এছাড়া প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত উপজেলা পরিষদের প্রধান গেইট নির্মান কাজ দ্রুততার সহিত সম্পন্ন করার জন্য অনুরোধ জানানো হয়।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় এবং দ্রুত সকল কাজ বাস্তবায়ন করার আহবান জানানো হয়।	১। উপজেলা প্রকৌশলী
খ. স্বাস্থ্য বিভাগ:	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় এবং দপ্তরের কার্যপত্র প্রদান না কবায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা।
গ. কৃষি বিভাগ:	উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, উপজেলার ১৬৪২০ হেক্টর বোরো ধান আবাদের লক্ষ্যমাত্রা অনুযায়ী ১৬৪৪০ হেক্টর জমিতে বোরো ধান রোপন সম্পন্ন হয়েছে। বোরো ধানের পাচিং, আলোক ফাঁদ, রোগ পোকা দমন সহ মাঠ ফসলের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। শীতকালীন সবজি, সরিষা কর্তন সম্পন্ন হয়েছে এবং ফলন সন্তোষজনক। তেল ও মসলা জাতীয় ফসলের উপর কৃষি ঋণ প্রদানের জন্য কৃষকদের মাঝে উপসহকারী কৃষি কর্মকর্তাদের মাধ্যমে প্রচার প্রচারণার কার্যক্রম চলমান রয়েছে এবং ইতিমধ্যে ২০২ জন কৃষি ঋণ নিতে আগ্রহী কৃষকের নামের তালিকা উপজেলা কৃষি ঋণ কমিটির সভাপতি বরাবর প্রেরণ করা হয়েছে। কৃষি ঋণ প্রদানকৃত ব্যাংক গুলোর তথ্য মতে ২২ জন কৃষকের মাঝে ১৩৩০০০০/- টাকা কৃষিঋণ প্রদান করা হয়েছে। কৃষি প্রণোদনা সহ সকল কৃষি সেবা এবং কৃষি ঋণ কার্যক্রম(বিতরণ, আদায়, সার্টিফিকেট মামলা) সহজীকরণের মাধ্যমে সফল কৃষি উদ্যোক্তা তৈরী করে বানিজ্যিক কৃষির প্রসার ঘটাতে কৃষক বন্ধু ডট কম (krishakbondhu.com) নামে ওয়েবসাইট খোলা হয়েছে, উক্ত ওয়েবসাইটে নিবন্ধনের মাধ্যমে উপজেলার সকল কৃষক কৃষি ঋনসহ কৃষি বিষয়ক সকল সেবা সহজে গ্রহন করতে পারবেন। বিশেষ কর্মসূচির আওতায় ফল গাছের পরিচর্যা, ভার্মি কম্পোষ্ট/কম্পোষ্ট তৈরী, পুষ্টি বাগান স্থাপন সহ অন্যান্য কার্যক্রমের জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করা হয়েছে। প্রণোদনা কর্মসূচির আওতায় বিভিন্ন ফসল মাঠ পর্যায়ে বাস্তবায়নের কার্যক্রম চলমান রয়েছে। সার মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে। প্রণোদনা কর্মসূচির আওতায় ২০২২-২৩ অর্থ বছরে খরিফ মৌসুমে প্রকৃত ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনা মূল্যে রাসায়নিক সার ও বীজ বিতরণের জন্য উফশী আউশ ২৫৫০ জন এবং পাট ১৪০০ জনের জন্য বরাদ্দ পাওয়া গেছে। ইতি মধ্যে উপসহকারী কৃষি কর্মকর্তাদের মাধ্যমে সকল ইউনিয়ন/পৌরসভা পর্যায়ে বিভাজনকৃত প্রকৃত কৃষকের তালিকা তৈরী করা সম্পন্ন হয়েছে। এছাড়া বিভিন্ন প্রকল্পের প্রদর্শনী স্থাপন, মাঠ দিবস, কৃষক প্রশিক্ষণসহ দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ভাবে চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি এবং মাঠ পর্যায়ে নিবিড় মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা।

ঘ.মৎস্য বিভাগ:	উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, বাঘারপাড়া উপজেলার বিভিন্ন মাছ বাজারে উপজেলা প্রশাসনের সহযোগিতায় জটকা ক্রয়-বিক্রয়, পরিবহণ, মজুদ ও বিনিময় বিরোধী অভিযান সফল ভাবে পরিচালিত হচ্ছে। উপজেলা পরিষদের নতুন ভবনের ওয় তলার উত্তর পার্শের ৫টি কক্ষের মধ্য হতে উপজেলা মৎস্য দপ্তরের অনুকূলে ৩টি কক্ষ বরাদ্দ প্রদান করা হয়েছে। কিন্তু অত্র দপ্তর ৩টি কক্ষের স্থলে ৫টি কক্ষের বিদ্যুৎ বিল প্রথম হতেই পরিশোধ করে আসছে। বর্তমানে বৈশ্বিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে সরকার ২০২২-২০২৩ অর্থবছরে বাজেট হতে বিদ্যুৎ ২৫% ব্যয় সাশ্রয়ের নির্দেশ প্রদান করেছেন। কিন্তু উক্ত ২টি কক্ষের বিদ্যুৎ বিল অত্র দপ্তরের সাথে সংযুক্ত হওয়ায় সরকারি নির্দেশনা বাস্তবায়ন করা যাচ্ছে না। উপজেলা মৎস্য দপ্তরের অনুকূলে ৩টি কক্ষ বরাদ্দ প্রদান করা হয়েছে যা অত্র দপ্তর পরিচালনার জন্য যথেষ্ট নয়। উপজেলা মৎস্য দপ্তর সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অত্র দপ্তরের অনুকূলে অতিরিক্ত একটা রুম বরাদ্দের প্রয়োজন। উপজেলা মৎস্য দপ্তরের আওতায় রাজস্ব অর্থায়নে জামদিয়া ইউনিয়নের দোগাছী গ্রামে “মাছের সাস্থ ব্যবস্থাপনাঃ মাছ/চিংড়ির রোগবলাই ও তার প্রতিকার বিষয়ক” শীর্ষক এবং বাকড়ী গ্রামে “ চিংড়ি চাষের উন্নত ব্যবস্থাপনা” শীর্ষক ০১ দিনের মৎস্য প্রশিক্ষণে ৪০ জন মৎস্য চাষীকে প্রশিক্ষণ প্রদান করা হয়। এছাড়াও দপ্তরের অন্যান্য স্বাভাবিক কার্যক্রম চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা মৎস্য কর্মকর্তা।
ঙ.প্রাণি সম্পদ বিভাগ:	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, ফেব্রুয়ারী-২০২৩ মাসে ১) কৃত্রিম প্রজননের আওতায় তরল সিমেন-২১৬টি, হিমায়িত সিমেন-১০০০টি, ২) টিকা প্রদানের আওতায় গবাদি পশু- ৭৯৮৪টি, হাঁসমুরগী-৫১৫০০/-টি, ৩) চিকিৎসা প্রদান গবাদিপশু-২৫৭৮টি, হাঁসমুরগি-৮৬৫৪টি, পোষাপ্রাণী-০১টি, ৫) উঠান বেঠক-০৬টি ৬) খামার পরিদর্শন-১০টি। এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
চ.সমাজসেবা দপ্তর:	উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, প্রতিস্থাপিত বয়স্ক ভাতা, বিধবা ভাতা ও প্রতিবন্ধী ভাতাভোগীদের মাঝে ভাতা পরিশোধ বহি বিতরণ চলমান আছে। ২০২২-২৩ অর্থ বছরে অতিরিক্ত বরাদ্দপ্রাপ্ত প্রতিবন্ধী ভাতাভোগীদের মাঝে ভাতা পরিশোধ বহি বিতরণ কার্য চলমান আছে। বিভাগের অন্যান্য কার্যক্রম সন্তোষজনক।	ভাতা প্রদান ও দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা
ছ.পরিবার পরিকল্পনা বিভাগ:	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ের কার্যপত্র থেকে জানা যায় যে, গত মাসে উপজেলার মোট সক্ষম দম্পতির সংখ্যা ৪৬৩৫৯ জন। বিভিন্ন পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা খাবার বড়ি ৪৬৭৬(চক্র) কনডম ১৩৪৫১(পিস) ইনজেকটেবল ১১৬৪ জন আইইউডি ০৬জন, ইমপ্লান্ট ৫১জন, স্থায়ী পদ্ধতি পরুষ ০০জন, মহিলা ০০ মোট ০০ জন।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
জ.শিক্ষা বিভাগ (প্রাথমিক):	উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ঐতিহাসিক ৭ মার্চ এর ভাষন এবং ভাষনের তাৎপ্য বিষয়ে অত্র উপজেলার সকল সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে বিস্তারিত আলোচনার জন্য উপজেলার সকল প্রধান শিক্ষকদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে।আন্তঃপ্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগীতা ২০২৩ বিদ্যালয়, ইউনিয়ন ও উপজেলা পর্যায়ে জাকজমকপূনভাবে অনুষ্ঠিত হয়েছে। উক্ত প্রতিযোগীতা জেলা পর্যায়ে অনুষ্ঠিত হয়েছে। জেলা পর্যায়ে অনুষ্ঠিত প্রতিযোগীতায় ২টি বিষয়ের উপর অত্র উপজেলার প্রতিযোগী জেলা প্যায়ে চ্যাম্পিয়ন হয়েছে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক অত্র উপজেলার ৪৭টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ল্যাপটপ বিতরণ করা হয়েছে। ২১ ফেব্রুয়ারী শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস অত্র উপজেলার সকল সরকারী প্রাথমিক বিদ্যালয়ে যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে। ৫ম শ্রেনীর ছাত্র-ছাত্রীদের মেধা যাচাইয়ের লক্ষ্যে ৩০ ডিসেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত প্রাথমিক বৃত্তি পরীক্ষা-২২ এর ফলাফল প্রকাশ হয়েছে। পাশের হার সন্তোষজনক।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা শিক্ষা কর্মকর্তা

খ. শিক্ষা বিভাগ (মাধ্যমিক):	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। এছাড়া সকল শিক্ষা প্রতিষ্ঠানে যথাযথভাবে শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস এবং ঐতিহাসিক ৭ই মার্চ পালন করা হয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা জন্য অনুরোধ জানানো হয়।	(১) ও (২) উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
এ. পল্লী উন্নয়ন বিভাগ:	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড বর্তমান সরকারের রূপকল্প-২০২১ বাস্তবায়নে কাজ করে আসছে। তাছাড়া গ্রামের সাধারণ জনগণকে একত্রিত করে সংগঠনের মাধ্যমে স্বনির্ভরতা অর্জন, পুর্জি গঠন, প্রশিক্ষণ ও ঋণ প্রদানের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে কৃষক সমিতি, বিত্তহীন পুরুষ ও মহিলাদের নিয়ে কার্যক্রম পরিচালনা করে থাকে। ২২৮টি সমিতির ৬৫৮৯ জন সমবায়ীর মাঝে ২০২২-২৩ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৫৩৫.১৮ লক্ষ টাকা। তন্মধ্যে চলতি আর্থিক বছরে ৭৫৮জন সদস্যর মধ্যে ৩৩০.৭৯ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং ২৫৭.২০ ঋণ আদায় করা হয়েছে। বিআরডিবি আওতাভুক্ত সকল প্রকল্প/কর্মসূচীর মাধ্যমে দারিদ্র্যতা নিরসনে ও আল্পনির্ভরশীলতা সৃষ্টি কল্পে প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। বিভিন্ন সমিতিতে চলতি ও খেলাপী ঋণের টাকা আদায়ে সম্মানিত চেয়ারম্যানবৃন্দ ও অন্যান্য কর্মকর্তাদের আন্তরিক সহযোগীতা কামনা করেন।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
ট. যুব উন্নয়ন দপ্তর:	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের মাধ্যমে এ পর্যন্ত ১০৩৫১ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। যার মধ্য থেকে ৫৫১৫ জন যুব ও ৪৮৩৬ জন যুব মহিলাকে আত্মকর্মী করা হয়েছে। এছাড়া প্রশিক্ষণ প্রাপ্ত যুবদের মধ্য হতে ১০২৬ জন যুব ও ৬৩০ জন যুব মহিলা সহ মোট ১৬৫৬ জন কে যুব ঋণ হিসাবে ৪৭১২১৩০০/- টাকা প্রদান করা হয়েছে, যার আদায় হার ৯৭%। তিনি সভায় আর ও জানান যে, দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
ঠ. সমবায় বিভাগ:	উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরে অডিট যোগ্য কেন্দ্রীয় সমিতি ২টি ও প্রাথমিক সমিতি ৬০টি ২০২১-২০২২সনে অডিট বরাদ্দ প্রদান করা হয়েছে। চলতি মাস পর্যন্ত মোট ৫২টি প্রাথমিক সমিতি অডিট সম্পাদন করা হয়েছে। ২০২০-২০২১সনে মোট আদায়যোগ্য অডিট ফি ১,১০,৭০০/-টাকা। আদায়কৃত অডিট ফি ১,১০,৭০০/-টাকা আদায়ের হার ১০০%। এছাড়া আদায়যোগ্য সিডিএফ ধার্য করা হয়েছে-৬২৪৪৫/-টাকা, যার মধ্যে আদায় হয়েছে ৬২,৪৪৫/-টাকা, আদায়ের হার ১০০%। উপজেলার ৪ (চার) টি আশ্রয়ণ প্রকল্পে মূল বরাদ্দ পাওয়া গেছে ৭৬০০০০/-টাকা উহাসহ এপর্যন্ত ধুঁগায়মান হিসাবে মোট ঋণ বিতরণ করা হয়েছে ৩৭,৭৩,০০০/-টাকা এবং চলতি মাসে আদায়কৃত ঋণের পরিমাণ ৫৫০০/-টাকা এখানে মোট আদায়যোগ্য ঋণের পরিমাণ ৪০,৭০,৩৪০/-টাকা মোট ঋণ আদায় ৩৫,৬৪,৭৪৪/-টাকা অনাদায়ী ঋণের পরিমাণ ৫,০৫,৫৯৬/-টাকা। আদায়ের হার ৮৭%।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা সমবায় কর্মকর্তা
ড. মহিলা বিষয়ক দপ্তর:	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, বাঘারপাড়া উপজেলায় বর্তমানে ভিডলিউবি উপকারভোগীর সংখ্যা ২১৫২ জন। ভিডলিউবি কর্মসূচির আওতায় ২০২৩-২০২৪ চক্রে ভাতাভোগীর তালিকা চূড়ান্ত অনুমোদনের করা হয়েছে। জানুয়ারি/২০২৩ হতে জুন/২০২৩ পর্যন্ত ০৬ (ছয়) মাসের খাদ্যশস্য বরাদ্দ পাওয়া গেছে। ফেব্রুয়ারি/২০২৩ খ্রি: মাস পর্যন্ত খাদ্যশস্য বিতরণের জন্য ডিও প্রদান করা হয়েছে। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২২-২০২৩ অর্থবছরে বরাদ্দ পাওয়া গেছে। সংশ্লিষ্ট ইউনিয়ন কমিটি থেকে তালিকা পাওয়া গেলে উপজেলা কমিটির মাধ্যমে চূড়ান্ত করা হবে। উল্লেখ্য জহরপুর, বন্দবিলা, রায়পুর ও নারিকেলবাড়িয়া ইউনিয়ন পরিষদ হতে অনলাইনে ইউনিয়ন কমিটির অনুমোদিত তালিকা পাওয়া যায় নাই। আইজিএ প্রশিক্ষণ প্রকল্পের আওতায় বর্তমানে ১৮ তম ব্যাচে ২৫ (পঁচিশ) জন করে দুটি ট্রেডে মোট ৫০ জন মহিলার প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। মহিলা বিষয়ক অধিদপ্তর সদর কার্যালয় ঢাকা থেকে নির্দেশনা পেলে ১৯ তম ব্যাচের প্রশিক্ষণের ভর্তি কার্যক্রম শুরু হবে। ক্ষুদ্রঋণ কার্যক্রম চলমান রয়েছে। ফেব্রুয়ারি/২০২৩ মাস পর্যন্ত ৩১৯ জনকে ৩৩,২৮,০০০/- (তেরিশ লক্ষ	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা।

	আটশ হাজার) টাকা ক্ষুদ্রঋণ প্রদান করা হয়েছে। বাঘারপাড়া উপজেলায় ১০ (দশ) টি কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। বাল্য বিবাহ প্রতিরোধ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, মানব পাচার প্রতিরোধ, যৌতুক নিরোধ ও অটিজম বিষয়ে উঠানবৈঠক ও সচেতনতামূলক সভা চলমান রয়েছে। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে আইনী সহায়তা কার্যক্রম চলমান রয়েছে।		
ঢ. ত্রাণ বিভাগ:	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় এবং দাপ্তরিক কার্যপত্র প্রদান না করায় কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
গ. জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, অত্র উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশ ব্লকের নির্মাণ কাজ চলমান রয়েছে। এছাড়া ২০২২-২০২৩ অর্থ বছরের গভীর নলকূপের সহায়ক চাঁদা বাবদ চালান সংগ্রহের পাশাপাশি নলকূপের বোরিং কার্যক্রম চলমান রয়েছে। প্রধান প্রকৌশলী মহোদয় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা, বাঘারপাড়া উপজেলার জন্য একটি নতুন ভবন নির্মাণ করার অনুমোদন দিয়েছেন, যার নির্মাণ কার্যক্রম চলমান রয়েছে। দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)
ত. বন বিভাগ	ফরেস্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	ফরেস্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর
০৯.বিবিধ:	(১) ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি জানান যে, বাঘারপাড়া উপজেলাধীন বিভিন্ন দপ্তর, পৌরসভা, ইউনিয়ন পরিষদসমূহ এবং উপজেলা পরিষদের কোয়ার্টারে বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। দীর্ঘদিন বিদ্যুৎ বিল বকেয়া থাকলে উক্ত ব্যয় বহন করা পল্লী বিদ্যুৎ সমিতির পক্ষে সম্ভব হয়ে উঠে না। ফলে সরকারী কাজে বিঘ্ন সৃষ্টি হয়। এছাড়া বকেয়া রাজস্ব আদায়ের জন্য সরকারের উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট থেকে জরুরী নির্দেশনা প্রদান করা হয়েছে। এ বিষয়ে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগীতা কামনা করেন। বর্ণিত বিষয়ে আলোচনান্তে নিয়মিত সকলকে বিল পরিশোধ করার জন্য তাগিদসহ অনুরোধ জানানো হয়। (২) বর্তমান সময়ে ডেঙ্গু মশার উপদ্রব বৃদ্ধি পাচ্ছে, সেপ্রেক্ষিতে পরিষ্কার পরিচ্ছন্নতা রাখার প্রয়োজনীয় দেখা দিয়েছে। সুতরাং দ্রুততার সহিত উপজেলা পরিষদ চত্বরের অফিস ও বাসাবাড়ি এলাকা, পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, বাঘারপাড়া পৌরসভাকে বিশেষভাবে অনুরোধ জানানো হয়। (৩) উপজেলা ভাইস চেয়ারম্যান কৃষকদের যেন কোন বিষয়ে ভোগান্তি না হয় সেবিষয়ে সংশ্লিষ্ট সকল দপ্তরকে লক্ষ্য রাখার জন্য অনুরোধ জানান। (৪) উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা শিক্ষা কর্মকর্তার দপ্তরের সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তার ছেলে ক্যাম্পারে আক্রান্ত হয়েছে, যেখানে চিকিৎসা করার জন্য অনেক অর্থের প্রয়োজন। এ বিষয়ে মানবিক সহায়তা প্রদানের জন্য সকলকে আহবান জানান।	(১) সংশ্লিষ্ট সকলকে দ্রুততার সহিত বকেয়া বিল পরিশোধ করণ এবং নিয়মিত বিল পরিশোধ করার জন্য অনুরোধ জানান। (২) উপজেলা পরিষদ চত্বরের অফিস ও বাসাবাড়ি এলাকা, পরিষ্কার পরিচ্ছন্নতা করার অনুরোধ জানানো হয়। (৩) সকল দপ্তরকে বিষয়টি লক্ষ্য রাখার অনুরোধ জানানো হয়। (৪) যার যার অবস্থান হতে মানবিক সহায়তা করার অনুরোধ জানানো হয়।	(১)(ক) উপজেলা কর্মকর্তা(সকল) (খ) মেয়র, পৌরসভা (গ) ইউনিয়ন পরিষদ (সকল) (২) মেয়র, বাঘারপাড়া পৌরসভা (৩) উপজেলা পর্যায়ের সকল দপ্তর (৪) উপস্থিত সকল

অতঃপর অধ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।



ভিক্টোরিয়া পারভীন সাথী

সভাপতি

ও

চেয়ারম্যান

উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।

উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০২.২০২২-১৪

তারিখঃ ১৩/ ০৩/ ২০২৩ খ্রিঃ ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১. মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর-৪
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
৪. জেলা প্রশাসক, যশোর।
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার, যশোর।
৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৭. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৮. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৯. মেয়র, বাঘারপাড়া পৌরসভা, যশোর।
১০. উপজেলা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১১. চেয়ারম্যান, ... ইউনিয়ন পরিষদ, বাঘারপাড়া, যশোর।
১২. সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।



সৈয়দ জাকির হাসান
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।